

চন্দননগর পৌর নিগম : চন্দননগর।

সংখ্যা : TENMDM/2015-16/107 টেন্ডার নোটিশ

তারিখ : ০৫/০৮/২০১৫

পূর্বে উল্লিখিত নং : ১এ/টেন্ড/২০১৫-২০১৬/০৯ তাং ১৯/০৫/২০১৫ এবং নং : ১এ/রি-টেন্ড/২০১৫-১৬/১৮ তাং ০৮/০৬/২০১৫ টেন্ডার নোটিশগুলির বাতিলক্রমে চন্দননগর পৌর নিগম এলাকার বিভিন্ন বিদ্যালয়ে মধ্যাহ্নকালীন রান্না করা আহার প্রকল্পের জন্য ভারতীয় খাদ্য নিগমের বিভিন্ন মজুত ভান্ডার থেকে মধ্যাহ্নকালীন আহারের চাল ২০১৫-২০১৬ আর্থিক বর্ষে ৪টি কোয়ার্টারের সময়কালের (০১.০৪.২০১৫ - ৩১.০৩.২০১৬) মেয়াদে গুদামজাত করা এবং বিভিন্ন বিদ্যালয়ে সরবরাহের উদ্দেশ্যে আগ্রহী অভিভুক্তসম্পন্ন ব্যক্তি বা সংস্থাদের নিকট হতে নিম্ন বিবরণভুক্ত দ্রব্য অনুযায়ী কুইন্টাল পিছু চাল (বহনকারী শ্রমিকের মজুরীসহ) পরিবহনের নিমিত্তে সীল করা খামে দরপত্র আহ্বান করা হচ্ছে। খামের উপর “মধ্যাহ্নকালীন রান্না করা আহার প্রকল্পে খাদ্যদ্রব্য (চাল) সরবরাহের দরপত্র” বাক্যটি অবশ্যই লিখতে হবে। প্রতিটি দরপত্র সীল করা খামে (ফোন নম্বর উল্লেখ সহ) আগামী ২১/০৮/২০১৫ তারিখ বেলা ৩টের মধ্যে পৌর নিগমের কেন্দ্রীয় কার্যালয়ের টেন্ডার বাক্সে সীল করা খামে সম্পূর্ণ নাম, ঠিকানা, ফোন নং ও সচিব পরিচয় পত্র (EPIC/PAN ইত্যাদি) সহ জমা দিতে হবে এবং ঐ দিনই বিকেল ৩.৩০ টের সময় জমাকৃত দরপত্র সমূহ খোলা হবে। যে কোন দরপত্র গ্রহণ / বর্জন করার অধিকার পৌর কর্তৃপক্ষ দ্বারা সংরক্ষিত।

সরকারী অনুমোদিত (Vide Memo No. 388 (35)/MDM/111/8 dt. 04.05.2012) পরিবহনের জন্য বরাদ্দ দরের মধ্যেই প্রতিটি দরপত্র জমা দিতে হবে।

বিস্তারিত বিবরণের জন্য পৌর নিগমের সাধারণ প্রশাসন দপ্তরের Tender Purchase & Procurement Cell (TP & P Cell) এ যোগাযোগ করা যেতে পারে।

দ্রব্য সম্পর্কিত বিবরণ :-

“Payment of cost of lifting and transporting foodgrains / Rice from nearest F.C.I. depot (in vogue Dankuni) to the school point under Mid-Day Meal Programme. (inclusive all costs)” করার জন্য কুইন্টাল পিছু পরিবহনের দর (শ্রমিকের মজুরী সহ)।

জ্ঞাতব্য বিষয় :-

- ১। কোন ক্ষেত্রেই চাল উত্তোলন এবং বিতরণের সম্মিলিতভাবে বিল প্রতি কুইন্টালে ৭৫ টাকার বেশী হবে না।
- ২। বার্ষিক চারটি কোয়ার্টারের আনুমানিক চাল উত্তোলন এবং পরিবহনের পরিমাণ ২০০০ (দুই হাজার) কুইন্টাল। (বিগত বছর গুলির গড় হিসাবে)
- ৩। যৌথ দলের সাথে পরীক্ষিত চালের গুণগত মান এর নমুনা গ্রুপ সি আই গুদাম থেকে তোলার পরে বিদ্যালয়ে সরবরাহ করা চালের নমুনার সঙ্গে যেন অবশ্যই সামঞ্জস্য থাকে।
- ৪। চাল তোলা এবং বিতরণের সময় চাল নষ্ট যাতে না হয় সেদিকে নজর ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। চাল উত্তোলন এবং বিতরণের বিল কাজ সম্পূর্ণ হওয়ার পরেই দাখিল করতে হবে।
- ৬। সংযুক্ত তালিকা অনুযায়ী ৬৬ টি প্রাথমিক এবং ২৬টি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের জন্য চাল উত্তোলন এবং বিতরণ করতে হবে।
- ৭। চালের গুণগত মান, পরিমাপ সঠিক রূপে বজায় রেখে সরবরাহ করতে হবে অন্যথায় বদল করে দিতে হবে। এজন্য কোনো অতিরিক্ত পরিবহন খরচ প্রাপ্য হবে না।
- ৮। চাল মজুত রাখা ও তার পরিমাপগত, গুণগত মান রক্ষার দায়িত্ব সম্পূর্ণরূপে দরদাতার ওপর ন্যস্ত থাকবে।
- ৯। দরপত্র গৃহীত হবার পর চুক্তিবদ্ধ থাকতে হবে।


কমিশনার

চন্দননগর পৌর নিগম, চন্দননগর

অনুলিপি :-

- ১। মহানাগরিক।
- ২। জেলাশাসক ও জেলাসমাহর্তা, হুগলী।
- ৩। উপ মহানাগরিক।
- ৪। এসডিও, চন্দননগর।
- ৫। ডিপিও এসএসএম ও ভারপ্রাপ্ত আধিকারিক, এমডিএম।
- ৬। মেয়র পারিষদ (পূর্ত)।
- ৭। মেয়র পারিষদ (জলসরবরাহ)।
- ৮। মেয়র পারিষদ (স্বাস্থ্য)।
- ৯। মেয়র পারিষদ (রাস্তার আলো)।
- ১০। অর্থ আধিকারিক।
- ১১। বাস্তবকার।
- ১২। মাননীয় জেলা প্রবন্ধক, হুগলী, ভারতীয় খাদ্য নিগম, হুগলী।
- ১৩। ডেপুটি জাইরেক্টর অফ রেশনিং, হুগলী খাদ্য ভবন, টুচুড়া।
- ১৪। রেশনিং অফিসার, চন্দননগর পালিকা বাজার, চন্দননগর, হুগলী।
- ১৫। বরো নোটিশ বোর্ড - ১, ২, ৩, ৪, ৫।
- ১৬। অফিস নোটিশ বোর্ড।
- ১৭। ডিলার মহাশয় / ডিস্ট্রিবিউটর এ্যাসোসিয়েশন।
- ১৮। মেসার্স
- ১৯। অফিসিয়াল ওয়েবসাইট, চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন।
- ২০। মূল নথি।
- ২১। এক্সিউটিভ, বেস-অফিসিওর্স, বোর্ড।
- ২২। অফিস নোটিশ বোর্ড।


কমিশনার
চন্দননগর পৌর নিগম, চন্দননগর